গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৯৪.২০১৩- ৭৮২ তারিখঃ ১৮.০৯.২০১৩ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু, ডাঃ মোঃ আব্দুল আউয়াল (৩৩৮১৬), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শাহাজাদপুর, সিরাজগঞ্জ এর বিরুদ্ধে প্রাথমিক তদন্তের ভিত্তিতে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ০১.০৯.২০১৩ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহন করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, গত ০২.০৩.২০১১ তারিখে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শাহজাদপুর, সিরাজগঞ্জ যোগদান করেন। শাহজাদপুরে চাকুরীকালীন সময়ে মাতৃস্বাস্থ্য সেবায় গুরুত্বপূর্ণ অবদানের জন্য জাতীয় পর্যায়ে রাজশাহী বিভাগে পর পর দুইবার ২০১২/২০১৩ পুরস্কার প্রাপ্ত হন। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার নামে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স কোন নির্ধারিত বাসা না থাকায় তিনি হাসপাতালের ডরমেটরীতে বরাদ্দ নিয়ে বসবাস করে আসছেন এবং বেতন বিলে ভাড়া কর্তন করেছেন। কিন্তু প্রাথমিক তদন্তে কর্মস্থলে অবস্থান না করাসহ মোট ০৪টি অভিযোগ প্রমাণিত হয়েছে;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ আব্দুল আউয়াল (৩৩৮১৬), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শাহাজাদপুর, সিরাজগঞ্জ এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং প্রাথমিক তদন্ত প্রতিবেদনসহ সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০১(এক) বছরের জন্য স্থগিত করা হল। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।

(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

উপ-পরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৯৪.২০১৩-৭৮২/১(১০) তারিখঃ ১৮.০৯.২০১৩ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩। পরিচালক, ইনস্টিটিউট অব নিউরোসায়েন্স, শেরেবাংলানগর, ঢাকা
৪। উপ-সচিব (পার-২ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
৬। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৭। সিভিল সার্জন, সিরাজগঞ্জ
৮। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১০। ডাঃ মোঃ আব্দুল আউয়াল (৩৩৮১৬), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শাহাজাদপুর, সিরাজগঞ্জ

(মোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬৬৫৫
sasdiscl@mohfw.gov.bd

E:\Nikos Document (Current)\Order (NI)\Minor Penalty.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১০৯.২০১২-৩৪৮৭

তারিখঃ .০৫.১৪২০ বঙ্গাব্দ
১২.০৯.২০১৩ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু ডাঃ তাহমিনা আক্তার (৩৯০৮০), জুনিয়র কনসালটেন্ট (চঃদাঃ), গাইনী, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ফুলতলা, খুলনা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ০৮.০৭.২০১২ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তার জবাব এবং ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক প্রতীয়মান না হওয়ায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চাকুরি হতে কেন অপসারণ করা হবে না এ মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করলেও তাঁর জবাব সন্তোষজনক প্রতীয়মান না হওয়ায় তাঁকে সরকারি চাকুরি হতে অপসারণ করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাঁকে চাকুরি হতে অপসারণ করার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে অপসারণ করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(সি) বিধি মোতাবেক ডাঃ তাহমিনা আক্তার (৩৯০৮০), জুনিয়র কনসালটেন্ট (চঃদাঃ), গাইনী, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ফুলতলা, খুলনা-কে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ২৫.০৮.২০১০ইং থেকে সরকারি চাকুরি হতে অপসারণ করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
০৯.৯.১৩
(এম. এম. নিয়াজউদ্দিন)
সচিব

উপ-পরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১০৯.২০১২- ৩৪৮৭/১(১০)

তারিখঃ ১২.০৯.২০১৩

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হল)
২। পরিচালক, MIS, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ করে রাখার জন্য অনুরোধ করা হল)
৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
৪। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৫। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৬। সিভিল সার্জন, খুলনা
৭। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, খুলনা
৮। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১০। ডাঃ তাহমিনা আক্তার (৩৯০৮০), জুনিয়র কনসালটেন্ট (চঃদাঃ), গাইনী, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স , ফুলতলা, খুলনা (স্থায়ী ঠিকানাঃ- বাড়ী নং-২১, মুন্সিপাড়া ৩য় গলি, খুলনা), (যোগাযোগ ঠিকানাঃ- এইচ ডি-১৩ (আপস্টেয়ার্স) সোহরাওয়ার্দী হাসপাতাল ডক্টরস কোয়াটার, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭)

১০.৯.১৩
(মোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০২৫২
sasdisc1@mohfw.gov.bd